

স্বাধীন

তারিখ
পৃষ্ঠা ১ কলাম ৬

NOV. 29 2007

বিআইটি রাজশাহীকে এবছরই প্রকৌশল বিশ্ববিদ্যালয় করা হবে : শিক্ষামন্ত্রী

রাজশাহী ব্যুরো

শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক বলেছেন, চলতি বছরেই বিআইটি রাজশাহীসহ দেশের চারটি বিআইটিকে প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে পরিণত করা হবে। ডিসেম্বর মাসে প্রধানমন্ত্রী বিআইটি রাজশাহীকে আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয় হিসাবে ঘোষণা দেবেন বলে তিনি আশাবাদ ব্যক্ত করেছেন।

শনিবার বিআইটি রাজশাহীর অডিটোরিয়ামে আয়োজিত শিক্ষক, কর্মকর্তা, ছাত্রছাত্রী ও কর্মচারীদের সঙ্গে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে তিনি ওই ঘোষণা দেন। এর আগে তিনি বিআইটি রাজশাহীর নবনির্মিত পুরকৌশল ভবন আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন।

বিআইটি রাজশাহীর পরিচালক প্রফেসর ড. মোঃ কেরামত আলী মোল্লার সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী ঐক্য পরিষদের সভাপতি প্রফেসর ইয়াকুব হোসেন, শিক্ষক সমিতির সভাপতি ড. সিরাজুল করিম চৌধুরী, কর্মকর্তা সমিতির সভাপতি মোঃ ইসমাইল হোসেন, কেন্দ্রীয় ছাত্র সংসদের ডিপি এএসএম রাশেদুর রহমান ও জিএস রাশেদুল হাসান শাহীন এবং কর্মচারী সমিতির সভাপতি মোঃ মাহবুবুর রহমান। সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন বিআইটির প্রবীণ শিক্ষক প্রফেসর এএম রেজাউল করিম তালুকদার।

শিক্ষামন্ত্রী ড. ফারুক বলেন, বাংলাদেশের সার্বিক কল্যাণের স্বার্থে এবং ভবিষ্যৎ প্রজন্মকে একবিংশ শতাব্দীর উপযোগী নাগরিক হিসাবে গড়ে তোলার জন্যই বর্তমান জোট সরকার বিআইটি রাজশাহীসহ চারটি বিআইটিকে পূর্ণাঙ্গ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার সিদ্ধান্ত নিয়েছে।

১

৩

৩

৬

প

গ

এ

৫

যু

ব

২

০

২

৪

২

৩

০

১